

ফাতওয়া নান্বার: ৩১৯

প্রকাশকাল: ০৩-০১-২০২৩ ইং

## সাড়ে তিন ভরি সোনার যাকাত কীভাবে দিতে হবে?

প্রশ্ন:

কারো কাছে সাড়ে তিন ভরি সোনা থাকলে, তিনি কীভাবে যাকাত দেবেন?

নাম- আহমাদ

উত্তর:

যদি তার নিকট সাড়ে তিন ভরি সোনার সাথে প্রয়োজনাতিরিক্ত যাকাতযোগ্য অন্য কোনো সম্পদ (যেমন রুপা, নগদ টাকা বা ব্যবসার মাল) না থাকে, তাহলে তার ওপর যাকাত ফরয হবে না। কারণ শুধু সোনা থাকলে যাকাতের নেসাব হচ্ছে, সাড়ে সাত ভরি সোনা। এর কমে যাকাত ফরয হয় না।

হ্যাঁ, যদি সাড়ে তিন ভরি সোনার সাথে যাকাতযোগ্য অন্য কোনো সম্পদ থাকে, তাহলে নেসাবের পরিমাপ হবে সাড়ে বায়ান্ন ভরি রুপা বা তার মূল্য। অর্থাৎ সোনা ও অন্য যাকাতযোগ্য সম্পদের মূল্য যদি একত্রে সাড়ে বায়ান্ন ভরি রুপার মূল্য সমপরিমাণ হয়, তাহলে যাকাত ফরয হবে। জানা কথা, বর্তমান বাজার দর অনুযায়ী সাড়ে তিন ভরি সোনার দামই সাড়ে বায়ান্ন ভরি রুপার মূল্য থেকে অনেক বেশি। সুতরাং তার কাছে সাড়ে তিন ভরি সোনার সঙ্গে অন্য কোনো যাকাতযোগ্য সম্পদ থাকলে; তার ওপর যাকাত ফরয হবে। এক্ষেত্রে তিনি যাকাতবর্ষ পূর্ণ হওয়ার দিন; তার যাকাতযোগ্য সকল সম্পদের চল্লিশ ভাগের এক ভাগ বা তার সমপরিমাণ অর্থ যাকাত হিসেব আদায় করে দিবেন।

এ বিষয়ে আরও জানার জন্য নিম্নোক্ত ফাতাওয়া দুটি দেখুন:

ফাতাওয়া নং ৮৪ : যাকাতযোগ্য কয়েক ধরনের সম্পদ অল্প অল্প করে থাকলে কী করণীয়?

লিংক: [যাকাতযোগ্য কয়েক ধরনের সম্পদ অল্প অল্প করে থাকলে কী করণীয়?](#)

ফাতওয়া নং ৮১ : যাকাতের নেসাবের হিসাব সোনা দিয়ে করা হবে, না রুপা দিয়ে?

লিৎকঃ যাকাতের নেসাবের হিসাব সোনা দিয়ে করা হবে, না রুপা দিয়ে?

فقط والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০৭-০৫-১৪৪৪ হি.

০২-১১-২০২২ ঈ.

